



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বিভাগীয় উপপরিচালকের কার্যালয়
প্রাথমিক শিক্ষা, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ
<http://dpe.mymensinghdiv.gov.bd>

নম্বর: ৩৮.৪৫.০০০০.০০০.০০০.০৮.০০৭৭.১৯.২৪৮৬

তারিখ: ৮ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
২১ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

প্রাথমিক শিক্ষা, ময়মনসিংহ বিভাগের আওতাধীন নিম্নবর্ণিত শিক্ষককে তার নামের পাশে বর্ণিত সময়ের জন্য উল্লিখিত দেশ ভ্রমণের অনুমতিসহ নির্ধারিত ছুটি বিধিমালা ১৯৫৯ এর ৩(১)(iii) ধারা মোতাবেক অর্ধগড় বেতনে বহিঃ বাংলাদেশ ছুটি শর্ত সাপেক্ষে মঞ্জুর করা হলো:

ক্র: নং	শিক্ষকের নাম, পদবী ও বিদ্যালয়ের নাম	ভ্রমণের সময়কাল	ভ্রমণের উদ্দেশ্য	যে দেশ ভ্রমণ করবেন
১	জনাব আয়েশা সিদ্দিকা সহকারী শিক্ষক বারইকান্দি সরকারি প্রাথমিক বিদ্যালয়, নকলা, শেরপুর।	২৭/০৪/২০২৫ থেকে ১৫/০৬/২০২৫ তারিখ পর্যন্ত অথবা ভ্রমণের তারিখ হতে ৫০ (পঞ্চাশ) দিন	পবিত্র হজ্জ পালন	সৌদি আরব

২। শর্তাবলী :

- ছুটিতে যাওয়ার পূর্বে সংশ্লিষ্ট ক্লাস্টারের উপজেলা সহকারী প্রাথমিক শিক্ষা অফিসার এবং উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারকে অবহিত করতে হবে;
- বর্ণিত শিক্ষক বাংলাদেশে প্রত্যাবর্তনের পরে অনতিবিলম্বে সংশ্লিষ্ট ক্লাস্টারের উপজেলা সহকারী প্রাথমিক শিক্ষা অফিসার এবং উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারের নিকট রিপোর্ট করবেন;
- বিদেশে গমন ও অবস্থানের জন্য সরকারের উপর কোন আর্থিক দায়-দায়িত্ব বর্তাবে না;
- ছুটিকালীন সময়ের বেতন ভাতাদি বাংলাদেশী মুদ্রায় প্রাপ্য হবেন;
- নির্ধারিত সময়ের অতিরিক্ত সময় বিদেশে অবস্থান করতে পারবেন না;
- অনুমোদিত বহিঃবাংলাদেশ ছুটি পরবর্তী অননুমোদিত অনুপস্থিতির জন্য তিনি কোন বেতন ভাতাদি প্রাপ্য হবেন না;
- অনুমোদিত ছুটি ভোগের পরে নির্ধারিত সময়ের মধ্যে কর্মস্থলে যোগদান করতে ব্যর্থ হলে তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;
- এ ছুটি ভোগের ক্ষেত্রে B.S.R (part-1) এর Appendix-viii এর Rule-34 এর বিধান প্রযোজ্য হবে।

২১-০৪-২০২৫
মোঃ জালাল উদ্দিন
উপপরিচালক(চলতিদায়িত্ব)

নম্বর: ৩৮.৪৫.০০০০.০০০.০০০.০৮.০০৭৭.১৯.২৪৮৬/১ (৬)

তারিখ: ৮ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
২১ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকা।
- ২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (চলতি দায়িত্ব), জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়, জেলা প্রাথমিক শিক্ষা অফিস, শেরপুর।
- ৩। উপজেলা শিক্ষা অফিসার (চলতি দায়িত্ব), উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়, উপজেলা শিক্ষা অফিস, নকলা, শেরপুর।
- ৪। উপজেলা হিসাবরক্ষণ অফিসার, নকলা, শেরপুর।
- ৫। ইমিগ্রেশন অফিসার, স্কলবন্দর (সকল)।
- ৬। জনাব আয়েশা সিদ্দিকা. সহকারী শিক্ষক, বারইকান্দি সরকারি প্রাথমিক বিদ্যালয়, নকলা, শেরপুর।



২১-০৪-২০২৫
মোঃ জালাল উদ্দিন
উপপরিচালক(চলতিদায়িত্ব)